# বাংলাদেশে টিকটক

টিকটক চীনের তৈরি একটি ভিডিও প্ল্যাটফর্ম এবং সামাজিক যোগাযোগমাধ্যম। ২০১৬ সালের সেপ্টেম্বর মাসে যাত্রা শুরু করে এই প্লাটফর্মটি। ২০২৪ সালের নভেম্বর মাস পর্যন্ত সারাবিশ্বে ১.৩৯ বিলিয়ন মানুষ টিকটক ব্যবহার করেছে। যার মধ্যে ৬০০ মিলিয়ন মানুষ দৈনিক সক্রিয়ভাবে এই প্লাটফর্মটি ব্যবহার করে। টিকটকে মাসিক ১ বিলিয়ন ব্যবহারকারী রয়েছে। বাংলাদেশে বর্তমানে ৩৭.৩৬ মিলিয়ন মানুষ টিকটক ব্যবহার করে থাকে। ২০২১ সালে টিকটক বাংলাদেশে যাত্রা শুরু করে। ২০২৪ সালের ডিসেম্বর মাসে বাংলাদেশে টিকটক বেশ কিছু আয়োজন করেছে। বিস্তারিত জানাচ্ছেন **গোলাম মোর্শেদ সীমান্ত**।

## গ্রো উইথ টিকটক

৪ ডিসেম্বর ছোট ও মাঝারি ব্যবসার প্রসারে এক কর্মশালার আয়োজন করে টিকটক। ছোট আকারের ভিডিও সহজে তৈরি ও বিনিময়ের সুযোগ থাকায় নিয়মিত টিকটকে ভিডিও পোস্ট করেন অনেকেই। শখের বসে ভিডিও তৈরির পাশাপাশি চাইলে ভিডিওর মাধ্যমে সহজেই ছোট ও মাঝারি ব্যবসার বিপণন ও প্রচার করা সম্ভব। বিষয়টি সবার কাছে তুলে ধরতে এই কর্মশালার আয়োজন করে টিকটক। কর্মশালায় ছোট ও মাঝারি ব্যবসায়ীদের পাশাপাশি বিপণন কাজে যুক্ত ব্যক্তি ও উদ্যোক্তারা অংশ নেন। টিকটকে থাকা বেশ কয়েকটি সুবিধা কাজে লাগিয়ে ব্র্যান্ডের প্রচার এবং তরুণ প্রজন্মের সঙ্গে যুক্ত হওয়ার কৌশল শেখাতে এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় টিকটকে মানসম্পন্ন আধেয় বা কনটেন্ট তৈরির জন্য প্রয়োজনীয় টুলের কার্যকারিতা শেখানোর পাশাপাশি টিকটকের নিয়মাবলি নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি ছোট ও মাঝারি ব্যবসার প্রসারে বিভিন্ন চ্যালেঞ্জ এবং সেগুলো টিকটকের মাধ্যমে সমাধানের কৌশলও শেখানো হয়।

## টিকটক কানেক্ট বাংলাদেশ

৫ ডিসেম্বর ঢাকার আলোকি কনভেনশন সেন্টারে ডিজিটাল কনটেন্ট ক্রিয়েটরদের নিয়ে আয়োজন করা হয় টিকটক কানেক্ট। বাংলাদেশে প্রথমবারের মতো এই আয়োজন করে টিকটক। টিকটক প্ল্যাটফর্মে সঠিকভাবে কনটেন্ট তৈরির বিষয় নিয়ে আলোচনা করেন বক্তারা। টিকটকে কীভাবে বিভিন্ন টুলস ব্যবহার করে কনটেন্ট তৈরি করা যায়, সে সম্পর্কে ধারনা দেওয়া হয়। সেই সঙ্গে দেখানো হয় হয় টিকটকের বিভিন্ন ফিচার। প্যানেল ডিসকাশন এবং কেস স্টাডির মাধ্যমে টিকটকে কনটেন্ট তৈরির বিভিন্ন সুযোগ সম্পর্কে কনটেন্ট ক্রিয়েটরদের ধারণা দেওয়া হয়। বাংলাদেশের জনপ্রিয় টিকটক ক্রিয়েটরদের নিয়ে করা হয় প্যানেল ডিসকাশন পর্ব। যেখানে কনটেন্ট ক্রিয়েটররা তাদের টিকটকের জার্নি তুলে ধরেন সকলের মাঝে। এছাড়া কর্মশালার মাধ্যমে প্ল্যাটফর্মের নতুন ফিচার, লং ভিডিও ফরম্যাট, পয়েন্ট অফ ইন্টারেস্ট (পিওআই) ট্যাগিং এবং ফটো পোস্ট বিষয়ে বিস্তারিত তুলে ধরা হয়। টিকটক বিশেষজ্ঞরা অংশগ্রহণকারীদের প্রযুক্তিগত দিকগুলোর মাধ্যমে বিভিন্ন দিকনির্দেশনা দিয়েছেন। এছাড়াও অ্যালগরিদম অপটিমাইজেশন, মনিটাইজেশন অপরচুনিটিস ও টিকটকের প্রমোট কুপনগুলো ব্যবহার শেখানো হয়।

## টিকটক ক্রিয়েটর অ্যাওয়ার্ডস

৬ ডিসেম্বর ঢাকার আলোকি কনভেনশন সেন্টারে 'টিকটক ক্রিয়েটর অ্যাওয়ার্ডস ২০২৪' আয়োজন করা হয়। বাংলাদেশে দ্বিতীয় বারের মতো টিকটক এই আয়োজন করে। এই বছর ১০টি বিভাগে কনটেন্ট ক্রিয়েটরদের পুরস্কার প্রদান করা হয়। দীর্ঘদিন ধরে সারা বিশ্বের কাছে বাংলাদেশি ক্রিয়েটরদের ডিজিটাল কনটেন্ট এবং তাদের ব্যতিক্রমী সব কাজ তুলে ধরছে টিকটক প্ল্যাটফর্ম। টিকটক ব্যবহারকারীদের ভোটে বিজয়ীদের নির্বাচিত করা হয়। এই পুরস্কারের জন্য গত ১৪ নভেম্বর থেকে ২ ডিসেম্বর পর্যন্ত টিকটক অ্যাপের মাধ্যমে ভোট গ্রহণ করা হয়। মোট ১০টি বিভাগে টিকটক ব্যবহারকারীরা ভোট দেওয়ার সুযোগ পান।

## বর্ষসেরা নির্মাতার পুরস্কার

অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল 'ক্রিয়েটর অব দ্য ইয়ার ২০২৪' ক্যাটাগরি। বাংলাদেশে ভিডিওভিত্তিক সামাজিক যোগাযোগমাধ্যম টিকটকের বর্ষসেরা ভিডিও ক্রিয়েটর পুরস্কার পেয়েছেন নাদির নিবরাস (নাদির অন দ্য গো)।

ট্রাভেল কনটেন্ট ক্রিয়েটর নাদির নিবরাস, তিনি সকলের কাছে নাদির অন দ্য গো নামে পরিচিত। সারাবিশ্ব ঘুরে ট্রাভেল কনটেন্ট তৈরি করে থাকেন তিনি। ইতিমধ্যে অর্ধশতাধিক দেশে ঘুরে ঘুরে কনটেন্ট তৈরি করেছেন। টিকটকে ৩ লাখ ৮৩ হাজারের অধিক মানুষ তার সঙ্গে যুক্ত।

## সেরা ভিডিওর জন্য পুরস্কার

সেরা ভিডিওর জন্য পুরস্কার পেয়েছেন গুলফাম শাহানা জানা। তিনি একজন মেকআপ আর্টিস্ট। মেকআপ নিয়ে নানা ধরনের কনটেন্ট তৈরি করে থাকেন। তিনি মেকআপ নিয়ে ভিন্নধর্মী কনটেন্ট তৈরি করে থাকেন। বিভিন্ন লুক ক্রিয়েট করার মাধ্যমে তিনি কনটেন্ট তৈরি করে। টিকটক এ তাকে ১৩ লাখের অধিক মানুষ অনুসরণ করে।

## উদীয়মান কনটেন্ট ক্রিয়েটর

উদীয়মান কনটেন্ট ক্রিয়েটর হয়েছেন রাফসান আহমেদ (রাফসান স্পোর্টস বাজ)। তিনি একজন স্পোর্টস কনটেন্ট ক্রিয়েটর। তিনি ফুটবলের নানা বিষয় নিয়ে কনটেন্ট তৈরি করে থাকেন। মূলত ফুটবল ম্যাচ শেষ হওয়ার পর ম্যাচের নানা বিষয় তুলে ধরে কনটেন্ট নির্মাণ করে। প্রায় ৭৫ হাজার মানুষ তাকে টিকটক এ অনুসরণ করে। সাম্প্রতিক সময়ে খেলাধুলা নিয়ে তার কনটেন্টগুলো সবাই বেশ পছন্দ করে।

## সেরা ফ্যাশন ক্রিয়েটর

সেরা ফ্যাশন ক্রিয়েটর হয়েছেন হামজা খান শায়ান। তিনি ম্যান'স ফ্যাশন নিয়ে কনটেন্ট তৈরি করেন থাকেন। ছেলেদের নানা ধরনের ফ্যাশন নিয়ে জানিয়ে থাকেন তিনি। দেশ বিদেশে ঘুরেও নানা ধরনের ফ্যাশন কনটেন্ট করেন তিনি। টিকটকে ২১ লাখের অধিক মানুষ তাকে অনুসরণ করে করে।

## সেরা ট্রাভেল কনটেন্ট

সেরা ট্রাভেল ক্রিয়েটর হয়েছেন হায়দার রাশিক (মি. মিক্সারসওয়ার্ল্ড)। তিনি একজন ট্রাভেল কনটেন্ট ক্রিয়েটর। দেশ বিদেশের নানা প্রান্ত ঘুরে তিনি কনটেন্ট তৈরি করে থাকেন। এখন অব্দি দেশের বাহিরে ৩০টি দেশে ভ্রমণ করেছেন। ২০২৪ সালে প্রতিটি দেশে গিয়ে তিনি একাধিক কনটেন্ট তৈরি করেছেন। টিকটকে ১ লাখ ২২ হাজারের অধিক মানুষ অনুসরণ করে।

## সেরা ফুড কনটেন্ট

সেরা ফুড কনটেন্ট ক্রিয়েটর পুরস্কার পেয়েছেন সোহেব রহমান। খাবার নিয়ে ভিন্নধর্মী কনটেন্ট তৈরি করেন তিনি। তিনি সকলের কাছে 'হ্যাটমান কুকিং' নামে বেশ পরিচিত। কোনো কথা ছাড়া শুধুমাত্র খাবার উপকরণ দেখিয়ে ফুড কনটেন্ট তৈরি করে ফেলেন তিনি। টিকটকে ৩ লাখ ৫৮ হাজারের অধিক মানুষ তাকে অনুসরণ করে।

## সেরা স্পোর্টস ক্রিয়েটর

এই বিভাগে সকলের মাঝে হাড্ডাহাড্ডি লড়াই হয়। সর্বশেষ সেরা স্পোর্টস কনটেন্ট ক্রিয়েটর হয়েছেন কাওসার বিন মুস্তাফিজ (নিশ্চুপ শৌভিক)। ফুটবল ম্যাচ নিয়ে তথ্য-উপাত্ত দিয়ে কনটেন্ট তৈরি করেন তিনি। টিকটকে ১ লাখ ২২ হাজারের অধিক মানুষ তাকে অনুসরণ করে।

## সেরা বিউটি কনটেন্ট

সেরা বিউটি কনটেন্ট ক্রিয়েটর পুরস্কার পেয়েছেন তানিশা তাসনিম (দ্য চার্ম ইনসাইড ১৮)। মেয়েদের সৌন্দর্য নিয়ে কনটেন্ট তৈরি করেন তানিশা তাসনিম। টিকটকে ১ লাখ ৭ হাজারের অধিক মানুষ তাকে অনুসরণ করে।

## সেরা শিক্ষামূলক কনটেন্ট

সেরা শিক্ষামূলক কনটেন্ট ক্রিয়েটর পুরস্কার জিতেছেন স্যাম (স্যাম জোন অফিশিয়াল)। স্যাম একজন টেক কনটেন্ট ক্রিয়েটর। তিনি সকলের কাছে স্যাম জোন অফিশিয়াল নামে পরিচিত। তারা কনটেন্টে একটি প্রযুক্তির খুঁটিনাটি সকল বিষয় তুলে ধরেন। টিকটকে ৪ লাখ ২৫ হাজার মানুষ তাকে অনুসরণ করে।

## সেরা এন্টারটেইনমেন্ট কনটেন্ট

সেরা এন্টারটেইনমেন্ট ক্রিয়েটর পুরস্কার জিতেছেন (সারওয়ার সাদিয়া)। সারওয়ার বাঁধন এবং সাদিয়া রোজা দম্পতি এন্টারটেইনমেন্ট বিষয় নিয়ে কনটেন্ট তৈরি করে থাকেন। তাদের এই জুটির কনটেন্ট সকলে বেশ পছন্দ করে। টিকটকে ১০ লাখের অধিক মানুষ তাকে অনুসরণ করে।